[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলীর ছেলে।

র্যাব-৬ জানান, বাংলাদেশকে অপরাধমুক্ত করার লক্ষ্যে জঙ্গী, সন্ত্রাস, খুন, ডাকাতী, ছিনতাই, অপহরণ ও মাদকের বিরুদ্ধে আমরা প্রতিনিয়ত অভিযান পরিচালনা করে যাচ্ছি। গতকালই অস্ত্র ও গুলি সহ অস্ত্র ব্যবসায়ী সাইফুল ও তরিকুলকে দর্শনা থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে জেলা প্রশাসকের বরাবর বিএনপি’র স্মারকলিপি প্রদান

মেহেরপুরে কৃষকদের সাথে ধান ক্রয় ও ন্যায্যমূল্য প্রদান নিশ্চিত করতে জেলা বিএনপি স্মারকলিপি প্রদান করেছে। বুধবার জেলা প্রশাসক আতাউল গনি বরাবর এই স্মারকলিপি প্রাদন করেন জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। জেলা প্রশাসনের মিডিয়া সেল জেলা প্রশাসকের পক্ষে স্মরকলিপি গ্রহন করে।

পরে সাংবাদিকদের সাথে মাসুদ অরুন ব্রিফিং করেন, এসময় তিনি বলেন, করোনা সংকট জনিতকারণে বাংলাদেশের কৃষক এক চরম অনিশ্চয়তার মধ্যে দিন যাপন করছে। কৃষক নিদারুন কষ্টের মধ্যে কোন মতে ধান কাটা সম্পন্ন করেছে। উৎপাদন খরচের মধ্যে ধানের ন্যায্য ব্যবধান প্রতি মৌসুমেই কৃষকের জন্য এক নতুন সংকট তৈরি করে। ধানের ন্যায্য মূল্য না পাওয়ায় কৃষক ঋণে জর্জরিত হয়।

প্রতিবাদ করেও কোনরুপ প্রতিকার পায় না। গত বছর ধান ক্ষেতে আগুন জ্বালিয়ে মনের ক্ষোভ প্রশমন করেছিল কৃষক। করোনা পরিস্থিতিতে দেশের খাদ্য সংকট তৈরি হওয়ার আশংকা বিদ্যমান। ন্যায্যমূল্য নরা পেয়ে কৃষক উৎপাদনের আগ্রহ হারালে দেশে দুর্ভিক্ষ দেখা দিবে। যার কারণে মানুষ না খেয়ে মরবে।

আমরা জাতীয়বাদী কৃষক দল মেহেরপুর জেলা শাখা মধ্যস্বত্ব ও সুবিধাভোগীদের কাছ থেকে ধান ক্রয় না করে সরাসরি কৃষকের কাছ থেকে ধান ক্রয় করে মূল্য নিশ্চিত করার জন্য আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ জানাচ্ছি।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের বুড়িপোতায় মুক্তিযোদ্ধার মৃত্যু, রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের মুক্তিযোদ্ধা আনসার শেখ
(৭৩) মৃত্যুবরণ করেছে। মঙ্গলবার রাত ৯ টায় নিজ বাসভবনে ইন্তিকাল করেন (ইন্নালিল্লাহী ওয়া ইন্নালিল্লাহী রাজিউন)। আনসার শেখ সদর উপজেলা বুড়িপোতা গ্রামের মৃত কাফিল উদ্দিনের ছেলে।

মৃত কালে তিনি স্ত্রী , এক ছেলে ও এক মেয়েসহ অসংখ্য সুনামগ্রাহী রেখে গেছেন । বুধবার সকাল ১০ টায় বুড়িপোতা ইদগাহ ময়দানে রাষ্ট্রিয় মর্যাদায় গার্ড অফ অনার প্রদান করা হয়। পরে বুড়িপোতা কবর স্থানে দাফন কাজ সম্পন্ন করা হয়।

গার্ড অব অনার প্রদানের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, মুক্তিযোদ্ধা জেলা কমান্ডার বশির আহমেদ, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ্জামানসহ তার পরিবারের লোকজন।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মঙ্গলবার সকালে জেলা আইনজীবী সমিতি কার্যালয়ের সামনের সড়কে আইনজীবীরা এ কর্মসূচী পালন করেন।

জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজনের নেতৃত্বে মানববন্ধনে সাধারণ সম্পাদক অ্যাড, আবু সালেহ মো: নাসিম, সাবেক সভাপতি অ্যাড. রহমতুল্লাহ, অ্যাড. মোখলেসুর রহমান, অ্যাড. আনোয়ার হোসেন, সাবেক সাধারণ সম্পাদক অ্যাড. আসাদুল আযম খোকন, অ্যাড. কামরুল হাসানসহ আইনজীবীরা অংশনেন।

মানববন্ধনে জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন বলেন, ১ জুন থেকে ১৫ জুন পর্যন্ত ভার্চুয়াল কোর্টেও মাধ্যমে আদালত চালু রয়েছে। আমরা ওই পদ্ধতিকে আর না বাড়িয়ে স্বাভাবিক পদ্ধতিতে ব্যক্তিগত সুরক্ষা মেনে আদালত চালু রাখার দাবি জানাচ্ছি।

তিনি আরো জানান, রংপুরের আইনজীবী আসাদুল হক হত্যা মামলার আসামিদেও দ্রুত আটক করায় রংপুরের পুলিশ সুপার ধন্যবাদ জানিয়ে দ্রুত চার্জশিট প্রদানের মাধ্যমে দ্রুত বিচারের আওতায় আনারও দাবি জানানো হয়েছে।

এদিকে মেহেরপুর জেলা জজ কোর্টেও পাবলিক প্রমিকিউটর পল্লব ভট্টাচার্য জানান, সুপ্রিম কোর্টের নির্দেশনা অনুযায়ী আমরা ভার্চুয়াল কোর্টে সবাই অংশ নিচ্ছি। সরকার ও কোর্টের নির্দেশনের বাইেও আমরা কিছুই করছি না এবং তাদেও দাবির সাথেও আমরা একমত না।

মেহেরপুরের সড়কে মৃত্যুর মিছিল, গত ২০ দিনে ঝরেছে ৫টি প্রাণ

মেহেরপুরের সড়কে মৃত্যুর মিছিল যেন থামছেই না। মাঝে মধ্যেই ঘটছে প্রাণহানির ঘটনা। অবৈধ ইজিবাইক, মোটরসাইকেল ও পরিবহনে ঘটেছে এইসব দুর্ঘটনা। মেহেরপুর সদরে ২টি ও গাংনী উপজেলায় ৩টি সড়ক

পরিবারের অনুরোধ থাকে। এ জন্য আমরা নিজেরাও কিছু করতে পারিনা।

ট্রাফিক পরিদর্শক ইসমাইল হোসেন জানান, আমরা সড়কে শৃঙ্খলা রক্ষা করার জন্য নিয়মিত অভিযান পরিচালনা করছি। গত জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত ৫শ অবৈধ পরিবহনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। এছাড়াও অবৈধ পরিবহন চালকদের সাথে মার্চ মাসে ৩শ টাকার স্ট্যাম্পে একটি চুক্তি সাক্ষর হয়। শর্ত অনুযায়ি এরা প্রধান সড়কে চলাচল করবে না। কিন্তু করোনা প্রাদুর্ভাবের কারনে এটা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তারপরও সড়ক দুর্ঘটনা প্রতিরোধে আমাদের নিজেদের সচেতন হতে হবে।

চুয়াডাঙ্গার জীবননগরে পৌরসভার পিয়ন সহ নতুন করোনা আক্রান্ত দুইজন

জীবননগর পৌর সভার পিয়ন সহ নতুন করে দুইজন করোনা ভাইরাসে আক্রান্ত পৌর সভার ২১জন কর্মকর্তা কর্মচারীর নমুনা সংগ্রহ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১টার সময় জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের জীবননগর পৌর সভার ২১ জন কর্মকর্তা কর্মচারীর শরীরে করোনা ভাইরা অছে কি না জানার জন্য তাদের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।জানা গেছে গত সোমবার বিকালে জীবননগর পৌর সভায় কর্মরত পিয়ন মজিবার রহমানের শরীরে করোনা ভাইরাস ধরা পড়ার ফলে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর পক্ষ থেকে পৌর সভায় কর্মরত ১৭ জন কর্মকর্তা কর্মচারীর শরীর থেকে নমুনা সংগ্রহ করা হয়।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন, জীবননগর পৌর সভার এম এল এস পদে কর্মরত মজিবার রহমানের শরীরে করোনা ভাইরাস ধরা পড়েছে সে কারনে তার সংস্পর্শে আর কারো শরীরে আছে কি না সে জন্য পৌর সভার সকল কর্মকর্তা কর্মচারীর শরীর থেকে নমুনা সংগ্রহ করে পরীক্ষার

জন্য পাঠানো হয়েছে ।তবে রিপোট আসার পর বলা যাবে আর কারো শরীরে করোনা ভাইরাস আছে কি না

কার্পাসডাঙ্গায় বজ্রপাতে ১’টি গরুর মৃত্যু

দামুড়হুদা প্রতিনিধিঃদামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় বজ্রপাতে কৃষকের ১টি গরু মারা গেছে। মঙ্গলবার(৯ জুন) দুপুর ৩ টার দিকে কার্পাসডাঙ্গার গার্লস স্কুল মাঠ প্রাঙ্গেন বজ্ররপাতের ঘটনা ঘটে। জানা- গেছে কার্পাসডাঙ্গা ইউনিয়নের ভূমিহীন পাড়া গ্রামের কৃষক স্বাধীন আলীর ছেলে অরুণ বিশ্বাস সাংবাদিকদের জানান, আজ দুপুরে গার্লস স্কুলের মাঠে গরু ১ টি ঘাস খাচ্ছিল। সেসময়ে বৃষ্টি শুরু হলে গরু টি একটি গাছের নিচে আশ্রয় নেয়। তখন গাছের উপর বজ্রপাত হলে ঘটনাস্থলেই মারা যায় গরু টি।

কুমারখালীতে বজ্রপাতে স্কুল শিক্ষার্থী নিহত

কুষ্টিয়াঃ কুষ্টিয়ার কুমারখালীর নন্দলালপুর ইউনিয়নের কাশিমপুর গ্রামে ঘুড়ি ওড়াতে গিয়ে ৫ম শ্রেনীর ছাত্র সোহাগ নামের একজন নিহত হয়েছে বলা জানা গেছে।
আজ মঙ্গলবার বিকেল আনুমানিক ৪ টার সময় মকছেদ আলীর ছেলে সোহাগ
(১৩) বাড়ীর পার্শ্ববর্তি মাঠে ঘুড়ি উড়াতে গিয়ে বজ্রপাতে নিহত হয়েছে।
নিহতের চাচা নফসের বিষয়টি নিশ্চিত করেছেন তিনি জানান ঘুড়ি উড়াতে গিয়ে ছেলেটি বজ্রপাতে নিহত হয়েছে।
এ বিষয়ে কুমারখালী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মজিবুর রহমান জানান বিকেলে হটাৎ করেই কালোমেঘে আকাশ ঢেকে যায় এবং বজ্রপাত শুরু হয় এ সময় ছেলেটি ঘুড়ি উড়ানোর সময় বজ্রপাতে নিহত হয়েছে।